২৫।হে প্রভু, তোমাকে ধন্যবাদ, যে নেদারল্যাণ্ডের খ্রীষ্টিয় স্কুলগুলি ১০০ বছরের অধিক সময় ধরে জনগণের কাছ থেকে আর্থিক সাহায্য লাভ করে আসছে।এই স্থানগুলি যেন অবিরত তোমার বাইবেল সংক্রান্ত সত্য শিক্ষাদানের এবং সেই সত্য গ্রহণের জায়গা হয়ে থাকে।(তীত ২:১)

২৬।হে প্রভু, আমরা ফারো দ্বীপপুঞ্জের ৫০,০০০ লোককে তোমার সামনে নিয়ে আসি।তারা ১৮টি দ্বীপে ছড়িয়ে থাকলেও, সেখানকার লোকদের মধ্যে সামাজিক এবং ঐক্যের চেতনা আনো। (কলসীয় ৩:১৪)

২৭।রাশিয়ার মহিলারা যেন আশাময়ী নারী অনুষ্ঠানগুলির প্রতি আকৃষ্ট হয় এবং প্রেমময় স্বর্গীয় পিতাকে আবিষ্কার করে যিনি তাদের ভগ্ন অন্তরগুলিকে আরোগ্য করতে চান। (গীত ৩৪:১৮)

২৮।আমরা ঈশ্বরকে ধন্যবাদ দিই যে সুইজারল্যাণ্ডের যুব বিশ্বাসীরা খ্রীষ্টিয় মতবাদে নিজেদের অঙ্গীকারবদ্ধ করতে ইচ্ছুক হচ্ছে।তারা যেন তোমার সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্কের মধ্যে আরও গভীরে অবিরত বৃদ্ধি লাভ করে।(১ পিতর ২:২)

২৯।হে পিতা, আমরা তোমার কাছে যাচ্ঞা করি যাতে বোসনিয়া-হারজেগোভিনার লোকেরা তোমাতে পুনরায় মিলিত হতে পারে এবং তারা যেন একসঙ্গে মিলেমিশে থাকতে পারে। দেশের নেতাদের প্রজ্ঞা দাও যেহেতু তারা তাদের জাতির জন্য বিভিন্ন সিদ্ধান্ত গ্রহন করে। (রোমীয় ১২:১৮)

৩০।হে ঈশ্বর, ধর্মকর্ম প্রত্যাখ্যান করার বিষয় যুবক যুবতীদের মধ্যে প্রবণতার বিষয়টি তুমি দেখতে পাচ্ছ।চেকিয়ার যুব সমাজ যেন তোমাকে তাদের ত্রাণকর্তা এবং প্রভু বলে জানে এবং সেখানে নতুন প্রজন্মের বিশ্বাসীরূপে বৃদ্ধি পায়।(উপদেশক ১২:১)

## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থনা

১। বাংলাদেশে ওমিক্রন এর কারনে প্রতিনিয়ত অনেক প্রাণ হানি হচ্ছে। প্রার্থনা করবেন যেন ঈশ্বর এই মহামারির হাত থেকে তার ভালবাসার সন্তানদেরকে রক্ষা করেন এবং আমাদের দেশ কে করনা মুক্ত করেন।

২। এই মহামারীর সময় দিনদিন মেয়েদের কর্মসংস্হান হারাচ্ছে যার কারনে পরিবার তথা সমাজ তাদেরকে বোঝা মনে করে অবহেলা করছে। প্রার্থনা করবেন যেন বাংলাদেশ মেয়েদেরকে ঈশ্বর ব্যাবহার করেন এবং পরিবার ও সমাজ যেন তাদের সম্পদ হিসেবে গন্য করে।

৩। বাংলাদেশ এখনো ১০/৪০ উইন্ডো (সমস্থ জায়গায় আজও সুসমাচার প্রচার হয় নাই) সীমারেখায় আছে, প্রার্থনা করবেন ঈশ্বর যেন তার বাংলাদেশে কার্যকারী লোক পাঠান এবং বাংলাদেশে যেন সমস্থ যায়গায় আত্মিক জাগরণ তৈরি হয়।

৪। এখনো বিভিন্ন জায়গায় ঈশ্বরের বিশ্বাসীগণ প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বিভিন্নভাবে অত্যাচারিত হচ্ছে, বিশেষভাবে যারা সুসমাচার নিয়ে কাজ করে তারা বিভিন্ন বৈষম্যের শিকার হচ্ছে। তাদের জন্য প্রার্থনা করবেন যেন ঈশ্বর তার সন্তানদেরকে তার পক্ষের নিচে করে রক্ষা করেন এবং কার্যকর ভাবে তাদের ব্যবহার করেন।

৫। বাংলাদেশের সরকার এবং যারা বাংলাদেশের সাংগঠনিক দায়িত্বে রয়েছেন, যারা বাংলাদেশের উজ্জ্বল ভবিষ্যতের জন্য প্রাণপণ কাজ করছেন তাদের জন্য প্রার্থনা করবেন, তারা যেন কোন রকম পরীক্ষায় না পরে, কোন রকম অনৈতিক কাজে লিপ্ত না হয়ে দেশ ও দশের জন্য সৎভাবে কাজ করতে পারেন। তাদের মধ্যে যেন ঈশ্বরভয় থাকে, সর্বোপরি তারা যেন ঈশ্বরকে জানতে পারে।

후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락 주시기 바랍니다

# Women of Hope

Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত 'প্রত্যাশাময়ী নারী' নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



**2022. 04.**

## ক্যামেনা ( CAMENA) অঞ্চলে মহিলাদের জন্য প্রার্থনা

ক্যামেনা (CAMENA) হল মধ্য এশিয়া, মধ্যপ্রাচ্য এবং উত্তর আফ্রিকা নিয়ে গঠিত অঞ্চলের জন্য TWR দ্বারা ব্যবহৃত একটি সংক্ষিপ্ত রূপ। এই এলাকার কিছু দেশে, খ্রিস্টান হওয়া বেআইনি, তাদের গ্রেফতার, জিজ্ঞাসাবাদ এবং কারারুদ্ধ করা হতে পারে । ক্যামেনা (CAMENA) অঞ্চলের অনেক নারীকে শেখানো হয় যে তাদের কোন মূল্য নেই। অনুগ্রহ করে প্রার্থনা করুন যে উইমেন অফ হোপ অনুষ্ঠানের সম্প্রচার তাদের ঈশ্বরীয় জ্ঞান, বিশ্বাস, সান্ত্বনা এবং ঈশ্বরে আশা প্রদান করতে পারে।

**TWR Korea 북방선교방송**

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층

전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

## আন্তরিক ভাবে প্রার্থনা করছি।

১। হে প্রভু, আমরা রাশিয়ার সেই সমস্ত মহিলাদের আবেগ এবং শারীরিক আরোগ্যের বিষয়গুলি তোমার কাছে আনছি যারা ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারীর ইনস্টাগ্রাম পেজটিতে সাবস্ক্রাইব করেছে এবং তাদের বন্ধ্যাত্বের বিষয়ে প্রার্থনা চেয়েছে।(গীত ১১৯:৭৬)

২। হে পিতা,তুমি কি আলবেনিয়ার বিধবাদের আত্মিকভাবে উৎসাহিত করার জন্য, আবেগজনিত আরোগ্যের প্রতি তাদের পরিচালিত করার জন্য এবং অর্থনৈতিক স্বাধীনতার জন্য তাদের সাহায্য করতে উৎসাহিত তাদের পাশে লোক পাঠাবে? (গীত ৬৮:৫)

৩। হে ঈশ্বর, ডেনমার্কের বিশ্বাসীদের মধ্যে উদ্দীপনা আনো। তোমার বাক্য পাঠ করার এবং প্রতিদিন প্রার্থনা করার প্রয়োজনের জন্য তাদের চোখ খুলে দাও।তাদের সন্তান এবং নাতিনাতনীদের হৃদয়ে তোমার জীবন সম্পর্কে বক্তা হিসাবে তাদের আত্মিক তাৎপর্যের সম্পর্কে মায়েরা এবং ঠাকুমারা যেন সচেতন হতে পারে।(হিতোপদেশ ৭:১-৩)

৪। হে প্রভু, ইতালীয় শরণার্থী শিবির এবং পাগলাগারদ থেকে আগত মহিলারা অনেক যন্ত্রণা ভোগ করেছে।কর্তৃপক্ষদের দেখতে সাহায্য করো এবং তাদের চিকিৎসা, মনস্তাত্বিক এবং আইনী সেবার জন্য সক্রিয় হওয়ার বিষয়ে তাদের সাহায্য করো।(গীত ৫৬:৮)

৫।নিসঙ্গতার কারণে, সুইডেনের অসংখ্য মেয়েরা ইণ্টারনেটে প্রচুর সময় অতিবাহিত করেন।আমরা তাদের আবেগসংক্রান্ত, শারীরিক এবং আত্মিক সুরক্ষার জন্য প্রার্থনা করি।তারা যেন দমন এবং উৎপীড়নের দ্বারা বিপন্ন না হয়। (হিতোপদেশ ৪:২৩)

৬। হে ঈশ্বর, মহিলাদের আত্মিক জীবনকে কীভাবে অনুপ্রাণিত করতে হবে সেই বিষয়ে সার্বিয়ার দলটিকে মহান সৃজনশীলতা দাও। তোমার প্রার্থনা এবং তোমার বাক্যের মাধ্যমে তোমার সঙ্গে আরও বৃহত্তর ঘনিষ্ঠতার প্রতি মহিলাদের আকর্ষণ করার জন্য তাদের আশাময়ী নারী অনুষ্ঠানগুলি এবং প্রার্থনার ক্যালেণ্ডার ব্যবহার করুন। (ইফিষীয় ৪:১৫)

৭। হে প্রভু, নরওয়ের খ্রীষ্টিয়ান মহিলাদের উদ্দীপ্ত করো।তারা যেন তাদের ব্যস্ত জীবনকে মন্থর করে এবং তোমার প্রার্থনা এবং তোমার বাক্যসহ তাদের সময়কে প্রাধান্য দেয়।(মথি ৬:৩৩)

৮। হে পিতা, আমরা গ্রীণল্যাণ্ডের সেই সমস্ত বালক এবং বালিকাদের আরোগ্যের জন্য প্রার্থনা করি যারা যৌনভাব অত্যাচারিত হয়েছে এবং নিকট আত্মীয়ের দ্বারা যৌনতার শিকার হয়েছে। সন্তানসন্ততির প্রতি সম্মান, ভালোবাসা এবং তত্ত্বাবধান করার জন্য তাদের বাবামায়ের জীবনে কাজ করো।(ইফিষীয় ৬:৪)

৯।ফরাসী সমাজের উপর স্থানীয় খ্রীষ্টিয় রেডিওর ক্রমবর্দ্ধমান প্রভাবের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।১৯৮১ সাল থেকে, দেশটিকে ইতিবাচক এবং ঈশ্বরীয় বিষয়ে আবৃত করার জন্য ষ্টেশনগুলি ছড়িয়ে পড়ছে। ইফিষীয় ৩:২০-২১)

১০।হে প্রভু, আমরা মানবপাচারের বিরুদ্ধে জার্মান কংগ্রেসে গুপ্তধন শ্রুতি ধারাবাহিকগুলির ইতিবাচক গ্রহনের জন্য প্রার্থনা করি।সমাজকর্মী এবং সংস্থাগুলি যেন এই কার্যকরী হাতিয়ারগুলি গ্রহণ করে এবং ব্যবহার করে।(মথি ১৩:৪৪)

১১।হে পিতা, নেদারল্যাণ্ডের নতুন সরকারকে সাহস এবং প্রজ্ঞা দাও, বিশেষ করে সেই সমস্ত সদস্যদের যারা বিশ্বাসী। তারা যখন গণ স্বাস্থ্য, ঘরবাড়ী এবং চিকিৎসা সংক্রান্ত নীতি নির্ধারণের বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্তগুলি গ্রহণ করবে তখন তারা যেন তোমার মানদণ্ডগুলি ব্যবহার করতে পারে। (গীত ৭২:১-১৯)

১২।হে ঈশ্বর, তোমার পরিত্রাণের প্রতি রোমা মহিলাদের হৃদয় খুলে দাও এবং তাদের পরিবারগুলির তত্ত্বাবধান করার বিষয়ে তোমার প্রজ্ঞার প্রতি তাদের হৃদয় উন্মুক্ত করো।তাদের সামনে সামাজিক এবং শিক্ষা সংক্রান্ত বাধাগুলিকে জয় করতে তাদের তুমি সাহায্য করো।(লূক ১৮:২৭)

১৩।হে ঈশ্বর, আমরা তোমার প্রশংসা করি, কারণ আমাদের ফিনল্যাণ্ডের অংশীদারদের দ্বারা আমাদের আশাময়ী নারী কর্মসূচীগুলিকে সাহায্য করার জন্য ফিনল্যাণ্ডের এবং সুইডেনের লুথেরান উপাসক মণ্ডলী তাদের মার্চ মাসের আর্থিক দানগুলি সংগ্রহ করেছিল।(লূক ৬:৩৮)

১৪।হে পিতা, তুমি আমাদের জোগানদাতা।ক্রোয়েশিয়ার মহিলাদের ভালো চাকরীর সুযোগ করে দাও যাতে তারা তাদের পরিবারগুলিকে সাহায্য করতে পারে। তারা যাতে তোমার প্রতি দৃষ্টিপাত করতে পারে তার জন্য তাদের বিশ্বাস এবং সাহস দাও।(ফিলিপীয় ৪:১৯)

১৫। হে প্রভু, পর্তুগালের ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী দলটির জন্য তোমাকে ধন্যবাদ দিই।অনুগ্রহ করে এই দলটিকে একতার হৃদয় এবং দর্শন দাও,আর্থিক অনুদান তোলার জন্য তাদের পথ দেখাও এবং পর্তুগালের মহিলাদের পরিচর্যা করার জন্য তাদের অতিরিক্ত দলের সদস্যদের প্রয়োজন। (ফিলিপীয় ২:২)

১৬।হে প্রভু,আমরা ফারো দ্বীপপুঞ্জে বাসকারী বিদেশী মহিলাদের জন্য প্রার্থনা করি যাতে তারা সমাজের মধ্যে গৃহীত হয়। এই পরিবারগুলির মধ্যে খ্রীষ্টিয় বিশ্বাস আনো।(যাত্রা ২৩:৯)

১৭।হে পিতা, রোমানীয়ার মহিলাদের শক্তিশালী করো যারা কোভিড-১৯ অতিমারীর দ্বারা আক্রান্ত পরিবারগুলির জন্য প্রয়োজনীয় খাদ্য এবং নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র আনার সঙ্গে সঙ্গে তাদের ভালোবাসা দেয় এবং তাদেরকে ঐশ্বরিক পরামর্শ দান করে।তারা যেন সেই সমস্ত লোকদের সান্ত্বনা দিতে পারে যারা তাদের প্রিয়জনদের হারিয়েছে। (যোহন ১১:২৫)

১৮।অতিমারীর কারনে, স্পেনের অনেক লোক বিচ্ছিন্নতা, একাকীত্ব এবং সমাধানহীন শোকে কষ্টভোগ করছে। আমরা প্রার্থনা করি যাতে তারা সমস্ত শান্তির ঈশ্বররূপে তোমাকে জানতে পারে। (যোহন ১৪:২৭)

১৯।হে প্রভু, আমরা প্রার্থনা করি যাতে সুইজারল্যাণ্ডের লোকেরা খ্রীষ্টিয় বিশ্বাস সম্পর্কে কৌতূহলী হয় এবং এর মূল সত্যগুলি অধ্যয়ন করার জন্য তাদের হৃদয় উন্মুক্ত করে।(যিশাইয় ২৬:৯)

২০।হে পিতা, আমরা মহিলাদের পাচারকারীদের ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালনকারী দালাদের এবং এর সঙ্গে যুক্ত অন্যদের জন্য প্রার্থনা করি। তাদের হৃদয়কে মন্দতা থেকে ফিরে আসার জন্য, তোমার কাছে আসার জন্য এবং নতুন জীবনের জন্য অভিযুক্ত করো।(যিশাইয় ১:১৬)

২১।হে প্রভু,আলবেনিয়ার কারাগারে যারা মহিলাদের পরিচর্যা করে তাদের তুমি প্রজ্ঞা এবং অনুগ্রহ দাও। ঐ অঞ্চলে যারা প্রভুর সেবা কাজ করে তাদের জন্য তোমাকে ধন্যবাদ দিই এবং যারা কারারুদ্ধ মহিলাদের যীশুতে আশা খুঁজে পেতে সাহায্য করছে।(ইব্রীয় ১৩:৩)

২২।তোমাকে বিশ্বাস করার জন্য এবং তোমার প্রেম এবং মঙ্গলভাব গ্রহণ করার জন্য নরওয়ের মহিলাদের হৃদয় উন্মুক্ত করো।তারা যেন তাদের লজ্জার,অপরাধবোধের এবং প্রত্যাখ্যাত হওয়ার অনুভূতিগুলি থেকে আরোগ্য লাভ করতে পারে এবং তোমার ভালোবাসা, তত্ত্বাবধান এবং দয়া লাভ করে।(রোমীয় ৮:১)

২৩।হে পিতা, আমরা ফ্রান্সের শিক্ষার্থীদের মন এবং হৃদয়ের সুরক্ষার জন্য তোমার কাছে প্রার্থনা করি।প্রত্যেক শিক্ষার্থী যেন তোমার সত্যে তাদের মূল্য এবং পরিচিতি খুঁজে পায়।(গীত ১০০:৩)

২৪।আমরা ইতালীয় মহিলাদের আরোগ্যের জন্য প্রার্থনা করি যারা মনস্তাত্বিক হিংস্রতার অভিজ্ঞতা লাভ করছে।শত্রুর শৃঙ্খল ভগ্ন করো, পিতা, এবং তোমার বাক্যে আশ্রয় লাভ করতে এবং তাদের প্রয়োজনীয় উপযুক্ত চিকিৎসা লাভ করতে এই মহিলাদের সাহায্য করো। (যোহন ৮:৩২)